

সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৩৩৪

১২. তালাক অধ্যায় (كتاب الطلاق)

পরিচ্ছেদঃ ১৮. ক্রীতদাসীর (গর্ভ) খালাস হওয়া প্রসঙ্গে

بَاب فِي اسْتِبْرَاءِ الْأَمَةِ

আরবী

أَخْبَرَنَا عَمْرُو بْنُ عَوْنٍ أَخْبَرَنَا شَرِيكُ عَنْ قَيْسِ بْنِ وَهْبٍ عَنْ أَبِي الْوَدَّاعِ عَنْ أَبِي سَعِيدٍ وَرَفَعَهُ أَنَّهُ قَالَ فِي سَبَايَا أُوطَاسٍ لَا تُوطَأُ حَامِلٌ حَتَّى تَضَعَ حَمْلَهَا وَلَا غَيْرُ ذَاتِ حَمْلٍ حَتَّى تَحِيضَ حَيْضَةً

বাংলা

২৩৩৪. আবু সাঈদ আল-খুদরী রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত। তিনি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম হতে মারফু' হিসেবে বর্ণনা করেন, আওতাস যুদ্ধের বন্দিনী সম্পর্কে তিনি বলেছেন: “কোন গর্ভবতী বন্দিনীর সাথে তার সন্তানপ্রসবের আগে সহবাস করবে না এবং যে বন্দিনী গর্ভবতী নয়, তারসাথে তার এক হায়েয (অতিক্রান্ত) হওয়ার পূর্বে সহবাস করবে না।”[1]

ফুটনোট

[1] তাহক্বীক: এর সনদ হাসান। তবে হাদীসটি সহীহ।

তাখরীজ: মুসলিম, রাদা'আ ১৪৫৬। এছাড়াও, হাকিম ২/১৯৫; বাগাবী, শারহুস সুন্নাহ ২৩৯৪। ((আবু দাউদ, নিকাহ ২১৫৭; তিরমিযী, নিকাহ ১১৩২; নাসাঈ, নিকাহ ৬/১১০। ফাওয়ায আহমেদের দারেমী হা/২২৯৫ এর টীকা হতে।-অনুবাদক))

আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি মুসনাদুল মাউসিলী নং ১১৪৮, ১২৩১, ১৩১৮ তে। আরও দেখুন, তালখীসুল হাবীর ১/১৭১-১৭২; নাসবুর রায়হ ৩/২৩৩/২৩৪।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবু সাঈদ খুদরী (রাঃ)

Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=82617>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন